

## ঘরে ফেরা

▣ দেবজ্যোতি আচার্য

দিল্লীতে খুব ডিসকাউন্টে বৃষ্টি হয়। ওই হচ্ছিল আর কি, সাথে দমকা হাওয়ার মিছিল, লক্ষ্মীনগরের মহলাতে আমাদের রুম, সাথে তিন জুনিয়র না দুটো। রুমের সামনে ছোট একটি বালকিনি, ওখানে আঙ্গুল থেকে ছাই ঝেঁরে হাওয়ার হাওয়া মিলাছিলাম। হঠাৎ করে মোবাইল স্ক্রীনে বাবার কল আসল, প্রায় তিন মিনিট কথাবার্তা, এখানে থেকে কিছু হচ্ছে না আর নয়তো কিছুই হবে না, এই বাহানার মোহর লাগিয়ে বাড়ি ফেরার টিকেট পেয়ে গেলাম। পিছন থেকে কে ধাক্কা মারল, দেখলাম গিরিস, কি ফাজলামো এটা, বলে উঠল ‘দেবো আজ বহুত খুশ হে, ঘর যা রাহাহে’। আমি ওর জবাব জানার উৎসাহকে হালকা হাসির সহিত এড়িয়ে গেলাম। খুশি হবোই বা না কেন দীর্ঘদিনের লম্বা দূরত্ব কেটে দূরত্বে পরিবর্তন হতে চলছে। এগিয়ে গেলাম ভিতরের ঘরে ট্রলির দিকে, ভিতর থেকে বের হল একটি ভাঙ্গা ফ্রেম আর উপহারের পাওয়া প্রথম ডায়রী। কাঁচগুলো আলাদা করছিলাম আসলে হোস্টেল থেকে আসার সময় ভেঙ্গে যায় ওঠা। হঠাৎ দূর থেকে অমিত ডাক দিয়ে বলল, “দেবো ভাইয়া কিয়া ডোন্ড রেহে হে ইহা”। আমি আমার অনুভূতি আর ট্রলি দুটোই সামলাতে ব্যস্ত হয়ে পড়লাম।

সুযোগ বুঝে আবার গিরিস বাবাজীর আগমন- বলল “দেবো ঘর যা রাহা হে, এসলিয়ে Packing করনে আয়া হে।” ওই তর্ক-বিতর্ক হাসি-ঠাট্টা সবই শুরু হয়ে গেল, আমি অনলাইনে টিকেট দেখছি আর ঘড়িতে সময় দেখছি। ওর ব্রেক টাইম হয়ে গেল নাকি। হঠাৎ করে বেজে উঠল আমার মোবাইল রিংটোন অনুপম রায়ের গলায় “Jo wada kiya who nivana padhega” এগিয়ে গেলাম সেই গানের দিকে।

**Nirman Tripura Const. & Consultancy (NTCC)**

Dharmanagar, North Tripura

(A Govt. Registered Firm)

ntccdmr@gmail.com

Mriganka Bhattacharjee (Civil)

Swapan Dhar (Civil)

Utpal Nath (Civil)

Arindam Sarkar (Arch)

9863372497, 8974949728, 8974757860